



# প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

## برائيم اسلامي لايف انشورنس لميتيد

### Prime Islami Life Insurance Limited



মে ২৮, ২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)

সকল কর্পোরেট জোন প্রধান/বিভাগীয় প্রধান (উন্নয়ন)

সকল জোন/প্রকল্প/ডিভিশন পরিচালক

সকল সাংগঠনিক অফিস প্রধান (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)

সকল ক্যাশিয়ার/পলিসি সার্ভিসিং/আইটি/হিসাব/কমিশন কর্মকর্তা (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)

সকল স্তরের উন্নয়ন কর্মী/কর্মকর্তা

### অফিস প্রজ্ঞাপন নং: ৩৩-২০১৯(সংস্করণ)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানীর বৃহত্তর স্বার্থে তুলনামূলক সহজ শর্তে নবায়ন প্রিমিয়াম বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মীদের নিম্নলিখিত প্রণোদনা প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন যা 'অনতিবিলম্বে কার্যকর হবে এবং জুন' ২০১৯ ক্রোজিং পর্যন্ত বলবৎ থাকবে:

- একক বীমা এবং ডিপিএস উভয় পলিসি সচলের ক্ষেত্রে তামাদিকাল ১ বছরের অধিক অর্থ্যাৎ কমপক্ষে বাৎসরিক কিস্তি ২টি, ষান্মাসিক কিস্তি ৪টি, ত্রৈমাসিক কিস্তি ৮টি ও মাসিক কিস্তি ২৪টি বকেয়া হলে তামাদি হিসেবে গণ্য হবে।
- পলিসি তামাদির তারিখ হতে ৫ বছরের মধ্যে বকেয়া প্রিমিয়াম এবং পুনঃবহাল সংক্রান্ত ওআর নীতিমালা অনুযায়ী চাহিদাদি (যদি থাকে) দাখিল স্বাপেক্ষে পুনঃরায় সচল করা যাবে। তামাদি পলিসি সচল করার ক্ষেত্রে অবলিখন নীতিমালা অনুযায়ী পলিসি পুনঃবহালের সকল শর্ত প্রযোজ্য হবে।
- তামাদি পলিসির বিপরীতে জমাকৃত বকেয়া প্রিমিয়ামের উপর নির্ধারিত কমিশন (সকল মেয়াদে) স্পটে প্রদান করা হবে এবং অতিরিক্ত ৫% ইনসেনটিভ প্রদান করা হবে (যে মাঠকর্মকর্তা/কর্মী প্রিমিয়াম জমা করবেন)।
- উক্ত সার্কুলারের মেয়াদ শেষে সংশ্লিষ্ট জোনাল/সাংগঠনিক/এজেন্সী অফিসসমূহ স্ব স্ব প্রিমিয়াম অর্জনের বিপরীতে নিম্নে বর্ণিত হারে অফিস ভিত্তিক তামাদি প্রিমিয়ামের লক্ষ্যমাত্রা পূরণ স্বাপেক্ষে বিষয়টিকে আরো কার্যকরী করার জন্য উক্ত প্রজ্ঞাপনের ৪নং কলামের ৫% ইনসেনটিভ ভাগ করে উল্লেখিত ইনচার্জদের যথাক্রমে ডিভিশন ইনচার্জ-১%, কর্পোরেট জোন ইনচার্জ-১%, জোন ইনচার্জ-১% ও অফিস ইনচার্জদের-২% হারে হবে, নিম্নবর্ণিত শর্ত মোতাবেক। এখানে বিশেষভাবে উল্লেখ্য, যেখানে একই চেইনে ডিভিশন ইনচার্জ/কর্পোরেট জোন ইনচার্জ/সাব-কর্পোরেট জোন ইনচার্জ/জোন ইনচার্জ আছে সেখানে প্রজ্ঞাপন: ৩৩-২০১৯ এর ৪নং-এ বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জন স্বাপেক্ষে ৩% সমহারে ভাগ করে ইনসেনটিভ পাবে এবং অফিস ইনচার্জ ২% হারে পাবে।

লক্ষ্যমাত্রা (অফিস ভিত্তিক তামাদি পলিসির প্রিমিয়ামের পরিমাণ)	অর্জনের হার
৫,০০,০০০ টাকা পর্যন্ত	৬০%
৫,০০,০০১ - ২০,০০,০০০ টাকা পর্যন্ত	৫০%
২০,০০,০০১ - ৪০,০০,০০০ টাকা পর্যন্ত	৪৫%
৪০,০০,০০১ - ৬০,০০,০০০ টাকা পর্যন্ত	৪০%
৬০,০০,০০১ - ৮০,০০,০০০ টাকা পর্যন্ত	৩৫%
৮০,০০,০০১ - ১,০০,০০,০০০ টাকা পর্যন্ত	৩০%
১,০০,০০,০০১ - ২,০০,০০,০০০ টাকা পর্যন্ত	২৫%
২,০০,০০,০০০ টাকার উপরে	২০%

নবায়ন ব্যবসা আহরণে এ প্রজ্ঞাপন জারি করা হলো। কর্তৃপক্ষ যে কোন সময় এই প্রজ্ঞাপন পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ও বাতিল করতে পারবেন। এই প্রজ্ঞাপন কার্যকর হওয়ার সাথে সাথে ইতিপূর্বে জারিকৃত অফিস প্রজ্ঞাপন নং-৯২/২০১৮ বাতিল বলে গণ্য হবে।

  
নিজাম উদ্দিন আহমাদ

ডিএমডি, সিএফও এন্ড কোম্পানী সচিব



### আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০

ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamiflifebd.com